# সাতক্ষীরা পৌরসভা

সাতক্ষীরা।

**সাতক্ষীরা পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা কমিটির ২য় সভার কার্যবিবরণী :**

সভাপতি : **মাশরুবা ফেরদৌস, প্রশাসক, সাতক্ষীরা পৌরসভা।**
সভার তারিখ : ২১ অক্টোবর ২০২৪ খ্রিঃ
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সাতক্ষীরা।

অদ্য ২১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ সোমবার বিকাল ৩.০০ ঘটিকায় জনাব মাশরুবা ফেরদৌস , প্রশাসক , সাতক্ষীরা পৌরসভা এর সভাপতিত্বে সাতক্ষীরা পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব ইশতিয়াক আহমেদ আলোচ্যসূচী ধারাবাহিকভাবে উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট-ক তে সংযুক্ত করা হলো।**

| ক্রঃনং | আলোচ্য বিষয় | অলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে। | প্রশাসক মহোদয় বিগত ১ম সভার কার্যবিবরণী বিষয়ে কারো কোনো মতামত বা সংশোধনী আছে কি না জানতে চান। | কোনো সংশোধনী না থাকায় বিগত ১ম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| ২ | গত ০১/০৯/২০২৪ হতে ২০/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত আয় ব্যয়ের হিসাব প্রসঙ্গে। | পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা জানান গত ৩১/০৮/২০২৪ খ্রি তারিখে প্রারম্ভিক স্থিতির পরিমান ৭,৩৩,৩২,০৪৬/- টাকা (সাত কোটি তেত্রিশ লক্ষ বত্রিশ হাজার ছেচল্লিশ টাকা এবং ০১/০৯/২০২৪ খ্রি তারিখ হতে ২০/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত পানি সরবরাহ শখা ব্যতীত আয় ১,৫৩,১০১৪৬/-(এক কোটি তিপ্পান্ন লক্ষ দশ হাজার একশত ছেচল্লিশ) টাকা। সর্বমোট আয় ৮,৮৭,০০,৫৮৭/-(আট কোটি সাতাশি লক্ষ পাঁচ শত সাতাশি) টাকা। ০১/০৯/২০২৪ খ্রি তারিখ হতে ২০/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত পানি সরবরাহ শখা ব্যতীত মোট ব্যয়ের পরিমান ১,৩৩,৯২,১১০/-(এক কোটি তেত্রিশ লক্ষ বিরানব্বই হাজার একশত দশ) টাকা (আয় ও ব্যয় বিবরণী অত্র সাথ সংযুক্ত)। ৩১/০৮/২০২৪ খ্রি তারিখে প্রারম্ভিক স্থিতির পরিমান পানি সরবরাহ শাখার প্রারম্ভিক স্থিতি ১৮,৩০,৭৭৩/- (আঠারো লক্ষ ত্রিশ হাজার সাতশত তিয়াত্তর) টাকা এবং ০১/০৯/২০২৪ খ্রি তারিখ হতে ২০/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত আয় ৪০,৩৭,৯০৭/-(চল্লিশ লক্ষ সাইত্রিশ হাজার নয়শত সাত) টাকা। সর্বমোট আয় ৫৮,৬৮,৬৮০/-(আটান্ন লক্ষ আষট্রি হাজার চছয়শত আশি) টাকা এবং ব্যয় সর্বমোট- ৫১,৭৩,৩৮৫/-(একান্ন লক্ষ তিয়াত্তর হাজার তিনশত পঁচাশি) টাকা। (আয় ও ব্যয় বিবরণী অত্র সাথ সংযুক্ত) | আলোচনা শেষে গত ০১/০৯/২০২৪ হতে ২০/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত আয় ব্যয়ের হিসাব অনুমোদিত হয়। | ১.পৌর নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা।<br>২. নির্বাহী প্রকৌশলী , সাতক্ষীরা পৌরসভা।<br>৩. হিসাবরক্ষণ কর্মকর্তা , সাতক্ষীরা পৌরসভা। |
| ৩ | বিভিন্ন প্রত্যয়ন পত্র প্রদান ও ওয়ারিশ সনদ যাচাই ও প্রতিস্বাক্ষরকারী নির্ধারণ প্রসঙ্গে। | উপ পরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরা জানান যে ,গত সভায় বিভিন্ন প্রত্যয়নপত্র স্বাক্ষর ও ওয়ারিশ সনদ যাচাই ও প্রতিস্বাক্ষরকারী হিসেবে উপ পরিচালক , জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরা কে দায়িত্ব প্রদান করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে জনাব নাজমুন নাহার , সদস্য , **সাতক্ষীরা পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়ক কমিটি ও উপ** | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপত কর্মকর্তা-কর্মচারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিদ্ধান্ত মোতাবেক তিনি তার দায়িত্ব পালন করে চলেছেন। কিন্তু বিভিন্ন প্রত্যয়ন যেমন পুন:বিবাহ প্রত্যয়ন, বিভিন্ন বীমাকারীকে সনাক্তকরণ স্বাক্ষর, ভোটার নিবন্ধন প্রত্যয়ন ও ওয়ারিশ সনদের ক্ষেত্রে সঠিক ওয়ারিশ যাচাইকরণে অনেক অসুবিধা হচ্ছে। গত এক মাসে তার অফিসে নিযুক্ত বিভিন্ন মাঠকর্মি দিয়ে যাচাই করা হয়েছে এবং তাদের যাতায়াত খরচ ব্যক্তিগতভাবে পরিশোধ করা হয়েছে বিধায় উক্ত প্রত্যয়ন ও ওয়ারিশ সনদের সঠিকতা যাচাইয়ের জন্য পৌরসভা অফিস হতে কিছু কর্মকর্তা-কর্মচারীকে দায়িত্ব দেওয়া প্রয়োজন। এক্ষেত্রে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, পৌরসভা কার্য বিধিমালা ২০১২ এর ৫ ও ৭ ও ১০নং বিধি অনুযায়ী পৌরসভার কর্মকর্তা-কর্মচারীকে যাচাইয়ের দায়িত্ব প্রদান করার সুযোগ রয়েছে। | পরিচালক , জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরা কে বিভিন্ন প্রত্যয়ন ও ওয়ারিশ সনদ প্রদান কাজে সহযোগিতা করার জন্য ওয়ার্ড ভিত্তিক নিম্ন লিখিত কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়: (তালিকা **পরিশিষ্ট 'খ'** তে সংযুক্ত করা হল)<br><br>সংযুক্ত তালিকা মোতাবেক ব্যক্তিবর্গ বিভিন্ন প্রত্যয়ন ও ওয়ারিশ সনদের আবেদন যাচাই করে প্রত্যয়ন দিয়ে অফিসের একজন অফিস সহায়কের মাধ্যমে স্বাক্ষরের জন্য জনাব নাজমুন নাহার , সদস্য , **সাতক্ষীরা পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়ক কমিটি** ও উপ পরিচালক , জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরা বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪ | পৌরসভা বিরোধ মিমাংসা বোর্ডের কার্যক্রম প্রসঙ্গে। | অত্র পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় জানান যে, যেহেতু বর্তমানে কাউন্সিলরগণ ও মেয়র অপসারিত সেক্ষেত্রে দৈনন্দিন বিভিন্ন সালিশ বিচার পৌরসভা বিরোধ মিমাংসা বোর্ডের মাধ্যমে সম্ভব কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন। | বিস্তারিত আলোচনা শেষে প্রশাসক মহোদয় জানান যে, বিরোধ মিমাংসা বোর্ড এর সদস্য কাউন্সিলরগণ। যেহেতু কাউন্সিলরগণ নেই সেহেতু বর্তমানে বিরোধ মিমাংসা বোর্ডের কার্যক্রম অব্যাহত রাখা সম্ভব নয় বিধায় বিরোধ মিমাংসা বোর্ডের কার্যক্রম আপাতত বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং অভিযোগকারীকে উপযুক্ত আদালতের সরণাপন্ন হওয়ার পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা, সাতক্ষরিা পৌরসভা। |
| ৫ | ঝুকিপুর্ণ ব্যাংকসমূহ হতে পৌরসভার হিসাব স্থানান্তর প্রঙ্গে। | অত্র পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা জানান যে, সাতক্ষীরা পৌরসভার বেশিরভাগ হিসাব ইউনিয়ন ব্যাংক সাতক্ষীরা শাখা ও ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকে রয়েছে । অথচ এই দুইটি ব্যাংক বর্তমানে ইস্যুকৃত বিভিন্ন চেক নগদায়নে অহেতুক বিলম্ব করছে বিধায় উক্ত ব্যাংক হতে সাতক্ষীরা পৌরসভার হিসাবগুলি স্থানান্তর করে আর্থিকভাবে সক্ষম তফসিলভুক্ত ব্যাংকে স্থানান্তর করা প্রয়োজন। | সকলে আলোচনা শেষে পৌরসভার অর্থ উক্ত দুর্বল ঝুকিপূর্ণ ব্যাংক হতে স্থানান্তর করে রাষ্ট্রায়াত্ত্ব ব্যাংক যেমন সোনালী ব্যাংক, জনতা ব্যাংক ও কৃষি ব্যাংকে রাখার এবং হোল্ডিং ট্যাক্স, ট্রেডলাইসেন্স , পানির বিল আদায়ের জন্য জনসাধারণের সুবিধার কথা | পৌর নির্বাহী কর্মকর্তা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | বিবেচনা করে পৌরসভার বিভিন্ন এলাকায় অবস্থিত আর্থিভাবে সক্ষম ও ঝুকিমুক্ত ব্যাংক যেমন: সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, কৃষি ব্যাংক, যমুনা ব্যাংক ও স্ট্যান্ডার্ট ব্যাংকে হিসাব খোলার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৬ | পানি সরবরাহ শাখার বিভিন্ন পানির পাইপলাইন ও পাম্প মেরামতকরণ প্রসঙ্গে। | সহকারী প্রকৌশলী , পানি সরবরাহ শাখা, সাতক্ষীরা পৌরসভা জানান যে, বিগত মাসে পৌরসভার বিভিন্ন এলাকায় পানির পাইপলাইন ও পাম্প মেরামত করা হয়েছে। যার বিবরণ নিম্নরুপ :<br>১। আইআরপি-৩ এর হাইলিফট পাম্প মেরামত ভ্যাট-আয়কর সহ মোট খরচ -১৫,৩৭৭/-<br>২। বিভিন্ন স্থানে পাইপলাইন মেরামত - ১৬,৭০০/-<br>৩। আইআরপি-৩ এ জিআই পাইপের প্রকৃতি পরিবর্তন--২৩,১২৯/-<br>৩। ১ নং ওয়ার্ডে উত্তর কাটিয়া নিকিরিপাড়া রাস্তার পাশে জলাবদ্ধতা নিরসণে ৮ ইঞ্চি ডায়া বিশিষ্ট ১৫০ ফুট পাইপ সরবরাহ -২৪,০৪৫/-<br>৪। ২ নং ওয়ার্ড মুনজিতপুর একাডেমি মসজিদ ঈদগাহের পাশের রাস্তায় ৮ ইঞ্চি ডায়া বিশিষ্ট ২০ ফুট পাইপ স্থাপন -৯,৫৪৯/-<br><br>এছাড়া নিম্ন বর্ণিত কাজ গুলি করা প্রয়োজন যা প্রাক্কলনসহ উপস্থাপন করা হলো:<br>১। ১৪ নং উৎপাদক নলকুপের মটর রিউন্ডিং প্রাক্কলন-২৪,২৭৪/-<br>২। আইআরপি-২ এর ২ নং উৎপাদক নলকুপের পাম্প মেরামত প্রাক্কলন-৮,৮১৭/-<br>৩। ২ নং উৎপাদক নলকুপের মটর রিউন্ডিং থার্স্টপ্লেট মেরামত প্রাক্কলন--২৫,০০০/-<br>৪। বজ্রপাতে ক্ষতিগ্রস্ত খড়িবিলা পাম্পের হাইটেনশন লাইন মেরামত প্রাক্কলন--৫.৫০০/-<br>৫। পাশের প্যানেল বোর্ডের যন্ত্রাংশ ক্রয় প্রাক্কলন--৬,০০০/-<br>৬। বিভিন্ন স্থানে পাইপ মেরামত প্রাক্কলন--১৫,০০০/-<br>৭। আইআরপি-৩ এর হাইলিফট পুলি মেরামত প্রাক্কলন ভ্যাট-আয়কর সহ মোট খরচ -১৫,৩৭৭/-<br>৮। বিভিন্ন সাইজের স্লুইজ বাল্বের চাবি তৈরি প্রাক্কলন--১৮,৮৯৩/- | বিস্তারিত আলোচনা শেষে সম্পাদিত কাজের বিলের ভুতাপেক্ষ অনুমোদন দেওয়া হয় এবং উপস্থাপিত অন্যান্য কাজের প্রাক্কলন অনুমোদন করা হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা ও সহকারী প্রকৌশলী পানি সরবরাহ শাখা। |
| ৭ | পুলিশ সুপার কার্যালয়ের প্রবেশ গেটে লাইটসহ নাম ফলক | নির্বাহী প্রকৌশলী জানান যে, পুলিশ সুপার কার্যালয়ের প্রবেশ গেইটে লাইটসহ নাম ফলক স্থাপন করে দেওয়ার জন্য পুলিশ সুপার,সাতক্ষীরা মহোদয় অনুরোধ করেছেন যার প্রাক্কলন (ভ্যাট-আয়কর) বাদে--২৫,০০০/- | বিস্তারিত আলোচনা শেষে পুলিশ সুপার কার্যালয়ের প্রবেশ গেইটে লাইটসহ নাম ফলক স্থাপন করে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পৌরসভা। |
| ৮ | বাংলা ১৪৩১ সনে খাস | অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, | বিস্তারিত আলোচনা শেষে অত্র | প্রধান নির্বাহী কর্মকর্তা ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | আদায় ও আদায় খরচ প্রসঙ্গে | অত্র পৌরসভাধীন মোট **৯** টি হাট **১** টি বাস টার্মিনাল ও একটি কসাইখানা রয়েছে। উক্ত হাটসমুহের মধ্যে ইটাগাছা চিংড়ি রেনু বাজার, সুলতানপুর মাছ বাজার, কদমতলা ছাগল হাট, পুরাতন সাতক্ষীরা হাট, কাটিয়া বাজার, ও সাতক্ষীরা বাস টার্মিনাল সরকারী মূল্য পাওয়ায় এবং বিধি মোতাবেক সমুদয় অর্থ পরিশোধ করায় উক্ত হাটসমূহ ইজারাদারকে দখল বুঝিয়ে দেওয়া হয়েছে। এক্ষেত্রে সরকারী হাট-বাজারসুহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয়বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ৯ নং নীতি অনুসারে ভ্যাট ও আয়করের টাকা সংশ্লিষ্ট খাতে চালানের মাধ্যমে জমা করা হয়েছে কিন্তু ৭-ভূমি রাজস্ব ও মুক্তিযোদ্ধা খাতের টাকা এখনো জমা করা হয় নাই। যা পৌরসভার হাট-বাজার হিসাব হতে উত্তোলন পূর্বক সংশ্লিষ্ট খাতে জমা করা প্রয়োজন। এছাড়া সুলতানপুর তরকারী ও ফল বাজার, সুলতানপুর কসাইখানা, সুলতানপুর মাংস মুরগী ও ডিম বাজার, সুলতানপুর মুদি মনোহরি বাজার ও কদমতলা কাঁচা বাজার সরকারী মূল্য না পাওয়ায় খাস আদায় চলমান। সরকারী হাট-বাজারসুহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয়বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ৪.৮ ও ৪.৯ এবং ৯ নং নীতি অনুসারে খাস আদায়ের খরচ বাদে সকল টাকা যথাযথ খাতে জমা করা হয়েছে। বিগত ০৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত খাস আদায় কমিটির সিদ্ধান্ত মোতাবেক ৫ টি হাটের খাস আদায়ের জন্য ৪ (চার) জনকে নিয়োগ প্রদান করা হয় এবং তাদের পারিশ্রমিক হিসেবে সুলতানপুর তরকারী ও ফল বাজার এর আদায়কারীকে দৈনিক ২০০/-(দুই শত) টাকা, সুলতানপুর কসাইখানা আদায়কারীকে ১০০/-(একশত) টাকা, সুলতানপুর মাংস মুরগী ও ডিম বাজার ও সুলতানপুর মুদি মনোহরি বাজার একজন ব্যক্তি আদায় করে এবং তাকে দুই বাজার আদায়ের জন্য ১০০/-(একশত) টাকা এবং কদমতলা কাচা বাজার আদায়কারীকে ১০০/-(একশত) টাকা দেওয়ার সিদ্ধান্ত হয় কিন্তু এখনো পর্যন্ত কোনো আদায়কারীকে পারিশ্রমিক প্রদান করা হয় নাই। উক্ত পারিশ্রমিক বাবদ কর্তনকৃত অর্থ অত্র পৌরসভার কর আদায়কারী জনাব শেখ শফিকুর রহমানের নিকট জমা রয়েছে। উক্ত পারিশ্রমিকের অর্থ সংশ্লিষ্ট হাটের আদায়কারীকে প্রদান করা হবে কি না সে বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। | কার্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা বাংলা **১৪৩১** সনে ইজারাকৃত হাট ও খাস আদায়কৃত হাটের আদায় ও নীতিমালা অনুযায়ী জমা হচ্ছে কি না যাচাই করার এবং নিয়োগকৃত খাস আদাকারীর পারিশ্রমিক হিসেবে সুলতানপুর তরকারী ও ফল বাজার এর আদায়কারীকে দৈনিক ১০০/-(এক শত) টাকা, সুলতানপুর কসাইখানা আদায়কারীকে ১০০/-(একশত) টাকা, সুলতানপুর মাংস মুরগী ও ডিম বাজার আদায়কারীকে ১০০/-(একশত) টাকা ও সুলতানপুর মুদি মনোহরি বাজার আদায়কারীকে ৫০/-(পঞ্চাশ) টাকা এবং কদমতলা কাচা বাজার আদায়কারীকে ১০০/-(একশত) টাকা করে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা। |
| ০৯ | জনাব নাজমুন নাহার এর অনুপস্থিতিতে ওয়ারিশ সনদসহ বিভিন্ন প্রত্যয়ন পত্র প্রদান, যাচাই ও প্রতিস্বাক্ষরকারীর দায়িত্ব পালন প্রসঙ্গে। | জনাব নাজমুন নাহার, সদস্য , **সাতক্ষীরা পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়ক কমিটি** ও উপ পরিচালক , জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরা, জানান যে, অফিসিয়াল আদেশে বিভিন্ন সময়ে তাকে অফিসের বাইরে থাকতে হয়। সে সময়ে তার অনুপস্থিতিতে তার পরিবর্তে অত্র অফিসের প্রোগ্রাম অফিসার জনাব ফাতেমা জোহরাকে দায়িত্ব দেওয়া যেতে পারে। | বিস্তারিত আলোচনা শেষে জনাব নাজমুন নাহার, সদস্য , **সাতক্ষীরা পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়ক কমিটি** ও উপ পরিচালক , জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরা এর অনুপস্থিত সময়ে তার পরিবর্তে উক্ত অফিসের প্রোগ্রাম অফিসার জনাব | পৌর নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ফাতেমা জোহরা ওয়ারিশ সনদসহ বিভিন্ন প্রত্যয়ন পত্রে প্রতিস্বাক্ষরের দায়িত্ব পালন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাশরুবা ফেরদৌস)
প্রশাসক
সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা

নং-৪৬.০০.৮৭৬৬.০০১.০৯.০০১.২২/৩২৮(২০) তারিখ : ৩১/১০/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব , স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয় , ঢাকা।
২। পরিচালক , স্থানীয় সরকার , খুলনা বিভাগ, খুলনা।
৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
৪। উপ পরিচালক (উপ সচিব) , স্থানীয় সরকার , সাতক্ষীরা।

৫। জনাব ----------------------------------------------, সদস্য , প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা বিষয়ক কমিটি , সাতক্ষীরা পৌরসভা।
৬। নির্বাহী প্রকৌশলী , সাতক্ষীরা পৌরসভা।

৭। পৌর নির্বাহী কর্মকর্তা , সাতক্ষীরা পৌরসভা।

৮। জনাব ------------------------------------------
৯। অফিস কপি

(ইশতিয়াক আহমেদ)
প্রধান নির্বাহী কর্মকর্তা
সাতক্ষীরা পৌরসভা,সাতক্ষীরা।